



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

ভোলা নদী বন্দর, ভোলা।

সিটিজেন চার্টার (নাগরিক সনদ)

ক্রঃ নং	বিবরণ	কার্যক্রম
০১। বন্দর ও পরিবহণ বিভাগ		
	বন্দর বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন লঞ্চঘাট, ল্যান্ডিং স্টেশন পয়েন্ট রয়েছে এবং ও ফেরীঘাট রয়েছে। ভোলা নদী বন্দর এলাকায় টার্মিনাল প্রবেশ ফি কর্তৃপক্ষের কর্মচারী দ্বারা সরাসরি আদায় করা হয়। বন্দর বিভাগের যাবতীয় কার্যাবলী ১ জন সহকারী পরিচালকের অধীনে সম্পাদন করা হচ্ছে।	ক) আইডরিউটিএ অর্ডিন্যান্স-১৯৫৮, পোর্ট গ্র্যান্ট-১৯০৮ এবং পোর্ট রুলস-১৯৬৮ অনুসারে অভ্যন্তরীণ নদী বন্দর, লঞ্চঘাট/ল্যান্ডিং স্টেশন, ফেরীঘাট সমূহের উন্নয়ন নিয়ন্ত্রণ ও পরিচালনা। খ) বিভিন্ন লঞ্চঘাট, ফেরীঘাট, গুন্ডা আদায় কেন্দ্র, লেবাব হ্যান্ডলিং পয়েন্ট, উপকূলীয় টার্মিনাল, জেটি ইত্যাদি ইজারার মাধ্যমে রাজস্ব আদায় করা। গ) সকল লঞ্চঘাট, ফেরীঘাট, গুন্ডা আদায় কেন্দ্র লেবাব হ্যান্ডলিং পয়েন্ট, উপকূলীয় টার্মিনাল, জেটি সমূহের উন্নয়ন। ঘ) যাত্রী ও মালামাল উঠানামার বন্দর সুবিধাদি প্রদান করা সহ রক্ষনাবেক্ষনের ব্যবস্থা গ্রহণ। ঙ) দি পোর্টস গ্র্যান্ট-১৯০৮, আইডরিউটিএ অর্ডিন্যান্স-১৯৫৮ এবং পোর্টস রুলস-১৯৬৬ এর বিধি বিধান অনুসারে নৌ-বানিজ্যিক কর্মকাণ্ড পরিচালনায় অভ্যন্তরীণ নদী বন্দর সমূহের তীরভূমির ব্যবহারের লাইসেন্স প্রদান ও নবায়ন করা এবং নদীর স্বাভাবিক প্রবাহের বিঘ্ন না করে তীরভূমিতে বিভিন্ন ফ্যাক্টরি/বিদ্যুৎকেন্দ্র/ডক ইয়ার্ড/অন্যান্য স্থাপনার মালামাল উঠানামার জন্য জেটি নির্মানের লাইসেন্স ও নবায়ন। চ) নদী বন্দর সীমার তীরভূমিতে যেন কোন প্রকার অবৈধ স্থাপনা গড়ে উঠতে না পারে তার তদারকি এবং অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করা।
০২। নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ :		
	১৯৭৬ ইং সনের অভ্যন্তরীণ নৌ-অধ্যাদেশের ৫৪ ও ৮৩ (২) ধারা এবং বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন (নৌকট, সময়সূচী ভাড়া নির্ধারণ) বিধিমালা ২০১৯, বিধি ৪২ মোতাবেক নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগের যাবতীয় কার্যাবলী সহকারী পরিচালক (বন্দর ও পরিবহন বিভাগ) ভোলা নদী বন্দর এর অধীনে সম্পাদন করা হচ্ছে।	ক) অভ্যন্তরীণ নৌ-পথে নৌ-চলাচল নিয়ন্ত্রণ; খ) যাত্রীবাহী/মালবাহী নৌযানের/লঞ্চের সময়সূচী অনুমোদন; গ) নৌ-যানে পরিবাহিত যাত্রী ভাড়া নির্ধারণ; ঘ) পরিবহন জরিপ কাজ সম্পাদন; ঙ) যাত্রী ও মালামাল নিরাপদে পরিবহনের জন্য বন্দর সমূহে আবহাওয়া সতর্ক সংকেত প্রদর্শন; চ) বিধি ভংগের কারণে যাত্রীবাহী লঞ্চ সমূহের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ; ছ) নির্দিষ্ট সময় অন্তর অন্তর যাত্রী ও মালামাল পরিবহনের উপর প্রতিবেদন প্রকাশ; জ) নির্দিষ্ট সময় অন্তর অন্তর যাত্রীবাহী লঞ্চের সময়-সূচী সংক্রান্ত নির্দেশিকা প্রকাশ; ঝ) উপকূলীয় অঞ্চল সারা বৎসর অশান্ত এবং মৌসুমী অশান্ত নৌ-পথে যাত্রীবাহী নৌ-যান চলাচলের নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর করা; ঞ) বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পাদিত অভ্যন্তরীণ নৌ-অতিক্রমণ ও বাণিজ্য প্রটোকলের আওতায় সকল কার্যালি পালন; ট) বিভিন্ন স্থান ও নৌ-পথে পরিবহন গুরুত্ব বিবেচনা করে উন্নয়ন প্রস্তাব প্রণয়ন; ঠ) অভ্যন্তরীণ নৌ-পরিবহন ব্যবস্থা সম্পর্কিত অন্যান্য সকল দায়িত্ব পালন করা।
০৩। নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ :		
	নিরাপদভাবে নৌ-চলাচলের জন্য নাব্যতা সৃষ্টির উদ্দেশ্যে নৌ-পথ সংরক্ষণ ও নদী খননের কর্মসূচী প্রণয়ন ও নৌ-পরিবহনের সুবিধার্থে নৌ-পথে বয়া, বাতি, বিকন বাতি, লোহার মার্কা, পিসি পোল মার্কা বিভিন্ন ধরনের জিপি সীট/সিআইসীট এর মার্কা, বাঁশের মার্কা ইত্যাদি সংগ্রহ, স্থাপন ও সংরক্ষণ করার কাজ করে থাকে। নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগের যাবতীয় কার্যাবলী ১ জন যুগ্ম-পরিচালকের অধীনে বরিশাল আঞ্চলিক দপ্তর থেকে পরিচালিত হচ্ছে।	ক) পাইলটেজ সার্ভিস অর্ডিন্যান্স অনুযায়ী এবং প্রয়োজন অনুসারে বিভিন্ন নৌ-পথে নৌ-যান চলাচলে সহায়তার জন্য নৌ-যানে পাইলটেজ সার্ভিস প্রদান করা; খ) নতুন নৌ-পথ খুঁজে বের কর ও জরিপ পরিচালনায় সহায়তা করা; গ) যাত্রী ও মালামাল নিরাপদে উঠানামার সুবিধার্থে বরিশাল বিভাগের বরিশাল পটুয়াখালী, বরগুনা ও ভোলা নদী বন্দরের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন ঘাটে পল্টুন স্থাপন প্রতিস্থাপন, পুনস্থাপন ও সমন্বয় করা; ঘ) নৌ-পথের ড্রাফট, ভার্টিক্যাল ও হরিজন্টাল ক্লিয়ারেন্সের মাত্রা উল্লেখ করে মাসিক ভিত্তিতে নদী বিজ্ঞপ্তি জারী করা; ঙ) নাব্য নৌ-পথে কোন জাহাজ ডুবে গেলে তা উদ্ধারের ব্যবস্থা করা;
০৪। প্রকৌশল বিভাগ :		
	নদী বন্দরের বিদ্যমান অবকাঠামো উন্নয়ন এর মাধ্যমে যাত্রী চলাচল সুবিধাদি নিরাপদ ও নিশ্চিত করা, যাত্রী সুবিধাদি সময় উপযোগী ও চাহিদার সাথে সংগতি রেখে নতুন অবকাঠামো নির্মানের সম্ভাব্যতা যাচাই, প্রকল্প প্রণয়ন, স্থাপনা নির্মাণ, মেরামত ও সংরক্ষণ করা প্রকৌশল বিভাগের অন্যতম দায়িত্ব। একজন নির্বাহী প্রকৌশলীর অধীনে বরিশাল আঞ্চলিক দপ্তর থেকে পরিচালিত হচ্ছে।	ক) বরিশাল বিভাগস্থ কর্তৃপক্ষের বিভিন্ন স্থাপনা (আবাসিক ভবনসহ) এবং টার্মিনাল ভবন, স্টীল গ্যাংওয়ে, আরসিসি জেটি, ট্রাপজিট শেড ইত্যাদি ল্যান্ডিং সুবিধাদি নির্মাণ মেরামত ও সংরক্ষণ করা; খ) ফেরীঘাট নির্মাণসহ ফেরী টার্মিনাল, পাকিং ইয়ার্ড, সংযোগ সড়ক, যাত্রী বিশ্রামাগার ইত্যাদি নির্মাণ, মেরামত ও সংরক্ষণ কাজ; গ) প্রয়োজনের সময় জমি অধিগ্রহণের ব্যবস্থা গ্রহণসহ নতুন প্রকল্প প্রণয়ন এবং জরিপ কাজ; ঘ) নদী বন্দরের সীমানা নির্ধারণ, ভূমি জরিপ ও অধিগ্রহণ, অবকাঠামো উন্নয়ন, বন্দর সুবিধাদি বৃদ্ধি ইত্যাদি কাজ; ঙ) বরিশাল বিভাগের বরিশাল, পটুয়াখালী, বরগুনা ও ভোলা নদী বন্দরের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন লঞ্চ ঘাটের পল্টুন, জেটি কর্তৃপক্ষের স্থাপনা মেরামত ও সংরক্ষণ কাজ;